

বঙ্গবন্ধু'র জন্মশতবার্ষিকী উদযাপনে আইআইইউসি'র অনুষ্ঠানমালা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) আগামী ১৭ মার্চ অনুষ্ঠানমালার আয়োজন করেছে। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর কে. এম গোলাম মহিউদ্দিন।

অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে পাবলিক স্পীকিং প্রতিযোগিতা, ব্লাড-গ্রুপিং, আলোচনা সভা ও দোয়া মাহফিল। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী সফলভাবে উদযাপনের জন্য অনুষ্ঠানমালার সকল কর্মসূচীতে আইআইইউসি'র সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকতে অনুরোধ জানানো হয়েছে।